

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০১১.০০.০০.০১৪.২০১৪- ২০২

তারিখ : ১৩ মার্চ, ২০১৭

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (২য় শ্রেণি) পদে ০৫.১২.২০১৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২০১৬.১৬-২৬৪ নং প্রেস-বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশিত ফলাফলে স্থগিতকৃত প্রার্থীদের মধ্যে নিম্নোক্ত প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত ছকের ২ নং কলামে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরের প্রার্থীদের ৩নং কলামে উল্লিখিত কাগজপত্র/ডকুমেন্টস আগামী ২৭ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে কমিশনের আগারগাঁও, ঢাকাস্থ প্রধান কার্যালয়ের ইউনিট-৪ এর পরিচালক (যুগ্ম-সচিব) বরাবরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো :

ক্রমিক নং	নাম ও রেজিস্ট্রেশন নম্বর	যে সকল সনদ/ডকুমেন্টস এর কপি/সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে
১	২	৩
১.	মোঃ এরশাদুর রহমান, রেজিঃ নম্বর : ০২৫৭৮৪	এস,এস,সি ও এইচ,এস,সি সনদে পিতার নাম মোঃ আবু হানিফ উল্লেখ রয়েছে। কিন্তু পিতার মুক্তিযোদ্ধার সনদে মোঃ হানিফ উল্লেখ রয়েছে। পিতার নামের গড়মিল থাকায় বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে পিতার ছবিসহ প্রয়োজনীয় কাগজপত্র পুনরায় দাখিল করতে হবে।
২.	মনিষা রানী কর্মকার রেজিঃ নম্বরঃ ০২৭৮৫৬	প্রার্থীর সংশোধিত এস,এস,সি ও এইচ,এস,সি এর মূল সনদ ও সত্যায়িত ফটোকপি পুনরায় দাখিল করতে হবে।
৩.	মোঃ মাহমুদ হাসান রাজু, রেজিঃ নম্বর : ০৫২৩৮৫	প্রার্থীর এস,এস,সি ও এইচ,এস,সি সনদে ও মুক্তিযোদ্ধার সনদসহ অন্যান্য সকল কাগজপত্রে পিতার নাম ভিন্ন ভিন্ন হওয়ায় পিতার ছবিসহ প্রয়োজনীয় উপযুক্ত প্রমাণ পুনরায় দাখিল করতে হবে।

২. ইতোমধ্যে প্রার্থীদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় পত্র প্রেরণ করা হয়েছে। কাজেই আগামী ২৭ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

(মোঃ শাহ আলম মৃধা)
পরিচালক (যুগ্ম-সচিব)
ফোন : ৫৫০০৬৬২৫